

অফিস বিজ্ঞপ্তি নং- ৮৩৮

১৮ অক্টোবর ২০২৩ইং

সূত্রঃ পিএলআইসিএল/প্রঃকাঃ/ উঃপ্রঃ/০৫১৭/২০২৩ইং

প্রাপক,

সকল জোন প্রধান

সকল সিনিয়র সহকারী জোন প্রধান

সকল সহকারী জোন প্রধান

সকল ডিভিশনাল/সার্ভিস সেল/এরিয়া ইনচার্জ

সকল বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়

সকল সার্ভিস সেল হিসাবরক্ষক

অফিস কপি

বিষয়ঃ মাঠ পর্যায়ে নিয়োগ সংক্রান্ত নিতিমালা ও ড্যামি/ কৃত্রিম কোড ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র কোম্পানীর সকল উন্নয়ন কর্মকর্তাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফাইন্যান্সিয়াল এসোসিয়েট (FA) থেকে তদুর্ধ্ব পর্যন্ত নিয়োগ সংক্রান্ত আবেদন ফর্মে উল্লেখিত চাহিদাবলী যথাযথভাবে সংযুক্ত করা হচ্ছে না। যেমন-

- ৪ (চার) কপি রসিদ পাসপোর্ট সাইজের ছবি ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ উপজেলা চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত করে জমা দেয়া হচ্ছে না।
- জাতীয় পরিচয়পত্র (NID)/ জন্ম সনদের ফটোকপি সত্যায়িত করে জমা দেয়া হচ্ছে না।
- ইতিপূর্বে কোন কোম্পানীতে নিয়োজিত থাকলে সেই কোম্পানীর অভিজ্ঞতার সনদ ও ছাড়পত্র/ অব্যাহতিপত্র জমা দেয়া হচ্ছে না।
- ব্যাংক হিসাবের বিবরণী প্রেরণ করা হচ্ছে না।


এমতাবস্থায় সকল উন্নয়ন কর্মকর্তাদের উল্লেখিত বিষয়টির প্রতি যত্নবান হয়ে নিয়োগ সংক্রান্ত ফাইলের প্রয়োজনীয় কাগজপত্রাদি সত্যায়িত করে প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হচ্ছে।

সংশ্লিষ্ট সকল উন্নয়ন/ নির্বাহী/ কর্মকর্তা ও কর্মীদের এই মর্মে পুনরায় অবগত করা যাচ্ছে যে, সাংগঠনিক সেট-আপ এর যে কোন পর্যায়ে (এফএ থেকে তদুর্ধ্ব পর্যন্ত) ড্যামি বা কৃত্রিম কোড ব্যবহার করলে এবং প্রমানিত হলে তা সরাসরি বাতিল এবং এতদসংশ্লিষ্ট সকল উন্নয়ন/ নির্বাহী/ কর্মকর্তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে, যা ইতিপূর্বে ২৩ মে ২০২৩ইং তারিখে অফিস বিজ্ঞপ্তি- ৮০৭ প্রদান করা হলেও কার্যকর হচ্ছে না। এ বিষয়ে সকলকে সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষভাবে বলা হলো।

বিষয়টি অতিব জরুরী।

সকলের সার্বিক মঙ্গল কামনা করছি।

ধন্যবাদান্তে,


মোঃ মাসুদুজ্জামান

ডিভিপি

বিভাগীয় প্রধান- উন্নয়ন প্রশাসন বিভাগ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

- ১। মাননীয় চেয়ারম্যান মহোদয়।
- ২। মাননীয় ভাইস চেয়ারম্যান মহোদয়।
- ৩। মাননীয় সকল পরিচালক মহোদয়।

PROGRESSIVE LIFE INSURANCE COMPANY LTD.

প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড